

বাড়লো জেট ফ্যুয়েলের দাম

- A Monitor Desk Report

Date: 09 March, 2026



ঢাকা: উড়োজাহাজে ব্যবহৃত জ্বালানি তেল জেট ফ্যুয়েলের দাম প্রতি লিটারে বেড়েছে ১৭ টাকা ২৯ পয়সা।

দেশের ভেতরে ফ্লাইট পরিচালনার জন্য এ মাসে দাম নির্ধারণ করা হয়েছে ১১২ টাকা ৪১ পয়সা। গত মাসে এ দাম ছিল ৯৫ টাকা ১২ পয়সা।

রবিবার গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তির মাধ্যমে নতুন দাম ঘোষণা করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, আন্তর্জাতিক ফ্লাইটের জন্য প্রতি লিটারের দাম ০.৬২৫৭ ডলার থেকে বাড়িয়ে ০.৭৩৮৪ ডলারে নির্ধারণ করা হয়েছে। নতুন দাম রাত ১২টা থেকে থেকে কার্যকর হবে।

আগে জেট ফ্যুয়েলের দাম নির্ধারণ করত বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। তবে নির্বাহী আদেশে বিদ্যুৎ ও গ্যাসের দাম নির্ধারণের ধারা অন্তর্ভুক্তি সরকার বাতিল করে দেয়। এরপর ২০২৪ সালের ১৫ সেপ্টেম্বর এক প্রজ্ঞাপনের মাধ্যমে ফার্নেস অয়েল, জেট এ-১-এর দাম নির্ধারণের এখতিয়ার বিইআরসির ওপর ন্যস্ত করা হয়েছে।

প্রজ্ঞাপনের পর গত বছরের ২৩ মার্চ প্রথমবারের মতো জেট ফ্যুয়েলের দাম নির্ধারণে গণশুনানি গ্রহণ করে বিইআরসি। এর পর থেকে প্রতি মাসে দাম সমন্বয় করা হচ্ছে।

-B